জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ
ঢাকা।
Website:www.janatabank-bd.com

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
ফোন নং-৯৫৫০৮৭৩

নির্দেশ বিজ্ঞপ্তি নং-৭৮৭/১৭

তারিখ ঃ ৩০/১১/২০১৭ ইং
১৬ অগ্রাহায়ন ১৪২৪

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব,সিইও এন্ড এমডি এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন
কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় ঃ-ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ এবং টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট/কলেজসমুহের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ বিএসসি (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফি ব্যাংকের সকল শাখায় জমা গ্রহণ এবং আবেদনকারীর টাকা জমা দেয়ার তথ্য প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট- এ তাৎক্ষণিক প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

প্রধান কার্যালয়ের জারীকৃত নির্দেশ বিজ্ঞপ্তি নং-৬২৫/২০১৫ তাং-১৯/০৮/২০১৫ অনুসরণ করা হ'ল ।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ এবং টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট/কলেজসমুহের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ বিএসসি (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফরম ও ফি অনলাইনে জমাদানের কার্যক্রম আগামী ০৩/১২/২০১৭ ইং তারিখ হতে শুরু হয়ে ২৪/১২/২০১৭ ইং তারিখ পর্যন্ত চলবে মর্মে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অবহিত করেছে। এ ক্ষেত্রে ব্যাংক কর্তৃক নিম্নোক্ত কার্যসম্পাদন করতে হবে।

(ক) ভর্তিচ্ছু প্রার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট (admission.eis.du.ac.bd) থেকে পে-ইন স্লিপ ডাউনলোড করে জনতা ব্যাংকের যে কোন শাখায় ভর্তির আবেদন ফি বাবদ ৬০০/- (ছয় শত) টাকা জমা দিবেন। জমা গ্রহণের সময় পে-ইন স্লিপের উভয় অংশে আবেদনকারীর একই ছবি আছে কি না এবং স্বাক্ষর করেছে কি না তা নিশ্চিত হয়ে ছবি দুটিতে ব্যাংকের গোল সিল, নগদ গ্রহণ সিল এবং স্ক্রল নম্বর অবশ্যই দিতে হবে। প্রত্যেকটি আবেদন পত্রের ব্যাংক কপির অপর পৃষ্ঠায় অবশ্যই শিক্ষার্থী/অভিভাবকের মোবাইল নম্বর লিখে রাখতে হবে।

(খ) আদায়কৃত ৬০০/-(ছয় শত) টাকার মধ্যে ৫৬০/- (পাঁচ শত ষাট) টাকা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুকূলে জমা করতে হবে। অবশিষ্ট ৪০/-(চল্লিশ) টাকার মধ্যে ৩৪/- (চৌত্রিশ) টাকা "আয় খাত বিবিধ" এবং ৬/- (ছয়) টাকা "ভ্যাট" হিসেবে সরকারী কোষাগারে জমা করতে হবে।

(গ) আবেদনকারীর তথ্য JB Remittance Payment System এ Login করে JB Solution এর আওতাধীন **University Admission System** এর মাধ্যমে তাৎক্ষণিক প্রেরণ করতে হবে। কোন অবস্থাতেই বিলম্বে অথবা পরবর্তী কর্মদিবসের জন্য অপেক্ষা করা যাবেনা।

চলমান পাতা-২

বিষয় ঃ-ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ এবং টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট/কলেজসমুহের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ বিএসসি (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফি ব্যাংকের সকল শাখায় জমা গ্রহণ এবং আবেদনকারীর টাকা জমা দেয়ার তথ্য প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট- এ তাৎক্ষণিক প্রেরণ প্রসঙ্গে।

(ঘ) শাখা হতে প্রেরিত তথ্যে **PIN** অথবা **AID** সংক্রান্ত ভুল থাকলে তা **University Admission System** এর মাধ্যমে অবহিত হতে হবে এবং সংশ্লিষ্ট তথ্য সংশোধন/**Edit** করে একই **System** এর মাধ্যমে পূনরায় **Upload** করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে সঠিক তথ্য প্রেরণে ব্যর্থ হলে উদ্ভুত পরিস্থিতির দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখা কর্তৃপক্ষকে বহন করতে হবে।

(ঙ) প্রতিদিনের সংগৃহীত অর্থ ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য শাখায় পূর্বে খোলা চলতি হিসাবে জমা রাখতে হবে। আগামী ০৩/১২/২০১৭ ইং হতে ২৪/১২/২০১৭ ইং তারিখ পর্যন্ত সংগৃহীত ফি অবশ্যই ২৮/১২/২০১৭ ইং তারিখে JB Remittance Payment System (সিআইবিটিসিএ) এর মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখায় রক্ষিত-"**DHAKA UNIVERSITY ADMISSION**" শিরোনামীয় **STD A/C-0100003583354** এ প্রেরণ করতে হবে এবং ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট-কে ই-মেইলে duadmission@janataremitt.com.bd কে অবহিত করতে হবে। উল্লেখ্য সংগৃহীত টাকা প্রেরণের পূর্বে অবশ্যই ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট হতে প্রেরিত তথ্যের সাথে মিলাতে হবে এবং কোনক্রমেই সংগৃহীত টাকা উল্লেখিত হিসাবে **Online/T24**-এর মাধ্যমে জমা করা যাবে না। এ ক্ষেত্রে গরমিল পরিলক্ষিত হলে জনাব মোঃ মনিরুল ইসলাম, পিও(আইটি), এফআরডি (ফোন ঃ ০২-৯৫১৫৩০৪,০১৫৫৬৩২৪৭২১) এর সাথে যোগাযোগ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে (২৮/১২/২০১৭) অর্থ প্রেরণে ব্যর্থ হলে উদ্ভুত পরিস্থিতির দায় সংশ্লিষ্ট শাখা কর্তৃপক্ষকে বহন করতে হবে।

(চ) বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিসের করণীয়ঃ- বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিসসমূহ তাদের আওতাধীন শাখাসমুহের সংগৃহীত তথ্য ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট এ এবং ফি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।

(ছ) কোন শাখা হতে **University Admission System** এ তথ্য প্রেরণে প্রযুক্তিগত সমস্যার সম্মুখীন হলে প্রধান কার্যালয়ের আইসিটি সিস্টেম ডিপার্টমেন্ট এর JB Solution Support Cell এ যোগাযোগ করতে হবে।

এমতাবস্থায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ এবং টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট/কলেজসমুহের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে বিএসসি(সম্মান) প্রোগ্রামে ভর্তির আবেদন পত্রের ফি ব্যাংকের যে কোন শাখায় ০৩/১২/২০১৭ ইং তারিখ হতে শুরু হয়ে ২৪/১২/২০১৭ ইং তারিখ পর্যন্ত জমা গ্রহণসহ আবেদনকারীর তথ্য **JB Solutions**-এ **Login** করে এর আওতাধীন **University Admission System** এর মাধ্যমে তাৎক্ষনিক প্রেরণ করতে হবে।

উক্ত তথ্য এফআরডি হতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্ভারে প্রেরণের বিষয়টি নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা যাচ্ছে।

আপনার বিশ্বস্ত,

(মোঃ আমিনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

(মোহাম্মদ ফখরুল আলম)
মহাব্যবস্থাপক